

রাজবাড়ী পৌরসভা কার্যালয়

রাজবাড়ী

স্মারক নং- রাঃপৌঃ/সাধা-১/নিয়োগ/২০২৩/১৯৭

তাং- ১২/০৬/২০২৩ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার ০৫ জুন ২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৬.১৬.৮২৫ নং স্মারকের মাধ্যমে পদদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে রাজবাড়ী পৌরসভার সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদগুলি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার ০৩/১০/২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৬৩.০৩১.০৮.০০.০০২.২০১১-১১৭৫ নং স্মারকপত্রের নির্দেশনা এবং পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা-১৯৯২ ইং মোতাবেক কর্মচারী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	ঘেড/বেতনস্কেল (জাঃবেঃস্কেঃ/২০১৫)	বয়স	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১।	নিম্নমান সহকারী কাম কম্পিউটার মূদ্রাস্বরিক	২(দুই)টি	ঘেড-১৬ (৯৩০০-২২৪৯০) টাকা	১৮-৩০ বছর	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। কম্পিউটার টাইপিংয়ে বাংলায় ২০ এবং ইংরেজীতে ২০ শব্দের গতি থাকিতে হইবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য, তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে।
২।	অফিস সহায়ক	১(এক)টি	ঘেড-২০ (৮২৫০-২০০১০) টাকা	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাস।
৩।	বিদ্যুৎ হেল্পার	১(এক)টি	ঘেড-১৮ (৮৮০০-২১৩১০) টাকা	১৮-৩০ বছর	সর্বাঙ্গীণ ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ ন্যূনতম ৮ম শ্রেণী পাস।
৪।	নৈশ প্রহরী	১(এক)টি	ঘেড-২০ (৮২৫০-২০০১০) টাকা	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাস এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে।
৫।	দারোয়ান	১(এক)টি	ঘেড-২০ (৮২৫০-২০০১০) টাকা	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাস এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে।

শর্তাবলী

- আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষরসহ পূর্ণ জীবন বৃত্তান্ত (নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর ও অভিজ্ঞতা ইত্যাদি) উল্লেখ পূর্বক আবেদনপত্র আগামী ১৭/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে মেয়র, রাজবাড়ী পৌরসভা বরাবর ডাকযোগে অবশ্যই পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গৃহণযোগ্য হবে না। সরাসরি আবেদনপত্র গৃহণযোগ্য নয়।
- আবেদনপত্রের সাথে আবেদনকারীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও আইডিযুক্ত সিলসহ) প্রদত্ত চারিত্রিক সনদ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদ/ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও আইডিযুক্ত সিলসহ) কর্তৃক সত্যায়িত হতে হবে।
- যে কোন তথ্যসিলভুক্ত ব্যাংক হতে মেয়র, রাজবাড়ী পৌরসভার অনুকূলে ১নং ক্রমিক বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ও ২নং থেকে ৫নং ক্রমিক বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- সরকারী/সাধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ইতঃপূর্বে ১নং ও ২নং ক্রমিক বর্ণিত পদে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে প্রাপ্ত আবেদনসমূহ বহাল রাখা হবে। এক্ষেত্রে দাখিলকৃত আবেদনকারীগণের উক্ত পদে পূরণায় আবেদন করার প্রয়োজন নাই।
- একাধিক পদে আবেদনকারী প্রার্থীগণ যে কোন একটি পদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।
- প্রার্থীর বয়স আগামী ১৭/০৭/২০২৩ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে জন্মপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারকের নির্দেশনামতে প্রার্থীদের বয়স ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমা (৩০ বছর) এর মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গৃহণযোগ্য হবে না।
- বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের প্রার্থী/প্রতিবন্ধী প্রার্থী ও অন্যান্য কোটা এবং সরকারী বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে আবেদনপত্রে কোটা উল্লেখসহ যথাযথ বৈধ সার্টিফিকেট দাখিল করতে হবে।
- আবেদনপত্রের খামের উপর স্পষ্ট অক্ষরে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কেবলমাত্র বাঁছাইকৃত প্রার্থীগণকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।
- বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও রাজবাড়ী পৌরসভার ওয়েবসাইট www.rajbaripourashava.gov.bd এবং অত্র দপ্তরের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শাণো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/সুগিত/বাতিল/পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের ক্ষমতা সংরক্ষণ করেন। এক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মোঃ আলমগীর শেখ তিতু)

মেয়র

রাজবাড়ী পৌরসভা।